

কারিগরি বোর্ডে পাসের হার ৮১.১৩

নিজস্ব প্রতিবেদক •

গত বছরের চেয়ে এবার কারিগরি ও
বৃত্তিমূলক শিক্ষায় পাসের হার কিছুটা
বেড়েছে। কারিগরি বোর্ডে গত বছর
পাসের হার ছিল ৮০ দশমিক ৬৯।
এবার পাসের হার ৮১ দশমিক ১৩।
কারিগরি বোর্ডের প্রকাশিত
ফলাফল অনুযায়ী, এবার ৮৭ হাজার
২৭৭ জন শিক্ষার্থী এসএসসি
(জোকেশনাল) পরীক্ষায় অংশ নেয়।
এ ছাড়া দাখিল (জোকেশনাল)
পরীক্ষায় অংশ নেয় আরও এক হাজার
৮৩ জন। মোট ৮৮ হাজার ৩৬০ জন
পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে ৭১
হাজার ৬৮৮ জন। আর জিপিএ-৫
শেয়ারে চার হাজার ১৭২ জন। এর
মধ্যে, এসএসসি (জোকেশনাল)
পরীক্ষায় চার হাজার ৯১ জন এবং
দাখিল (জোকেশনাল) পরীক্ষায় ৮১
জন জিপিএ-৫ পেয়েছে।

এসএসসি জোকেশনালে সেরা
প্রতিষ্ঠান হয়েছে ইউসেফ ঢাকা
টেকনিক্যাল স্কুল। সেরা ১০
প্রতিষ্ঠানের মধ্যে রয়েছে এ কে খান
ইউসেফ টেকনিক্যাল স্কুল, ইউসেফ
রাজপাহী টেকনিক্যাল স্কুলনার
ইউসেফ মোহসিন টেকনিক্যাল,
নারায়ণগঞ্জের কন্যাগাছিয়া ইউনিয়ন
হাইস্কুল, ডেমরার বাওয়ানী হাইস্কুল,
টাকাইলের সূর্যী এমডি পাইলট
হাইস্কুল, সাজরের সোসাইটি অব
মোশ্যাদ রিফর্ম হাইস্কুল, চট্টগ্রামের
টিটিসি ও পরীয়াপুত্রের আনিলপুর
পাইলট হাইস্কুল।

দাখিল (জোকেশনাল) পরীক্ষায়
সেরা প্রতিষ্ঠান হয়েছে নারায়ণগঞ্জের
রমুলপুর মহিলা দাখিল মাদ্রাসা। এ
ছাড়া দ্বিতীয় এবং তৃতীয় হয়েছে
যথাক্রমে পাজীপুরের কাপাসিয়ার
দক্ষিণপাও কালিয়ার মাদ্রাসা এবং
চট্টগ্রামের পোহাপড়া এলাকার বড়
হাতিয়া, মালপুকুরিয়া মিশকাতুল
উশুম মাদ্রাসা।